


W.B. HUMAN RIGHTS
COMMISSION
KOLKATA-27

File No. 149/ WBHRC/SMC/2018


Date: 26. 11. 2018

Enclosed is the news clipping appeared in the 'Ananda Bazar Patrika', a Bengali daily dated 23.11.2018, the news item is captioned 'অভিযোগ তুলতে চাপ'.


Commissioner of Police, Bidhannagar Police Commissionerate is directed to enquire into the matter and to furnish a report by 28th December , 2018.



(Justice Girish Chandra Gupta)
Chairperson



(Naparajit Mukherjee)
Member



(M.S. Dwivedy)
Member

অভিযোগ তুলতে 'চাপ'

নিজস্ব সংবাদদাতা

নিরাপত্তার অভাব বোধ করছে নিউ টাউনের পাথরঘাটায় নিহত জমি জরিপকারী চঞ্চল মণ্ডলের (৪৬) পরিবার। তাঁর ভাই দেবকুমার মণ্ডলের অভিযোগ, ধৃত বিকাশ মণ্ডলের দাদা ও পিসি বৃহস্পতিবার সকালে তাঁদের অভিযোগ তুলে নেওয়ার জন্য চাপ দেন।

গত রবিবার পাথরঘাটার মণ্ডলপাড়ায় বাড়িতে ঢুকে চঞ্চলকে গুলি করে খুন করে দৃষ্ণতীরা। তার পর থেকেই নিরাপত্তাহীনতায় ভুগছিল পরিবারটি। দেবকুমারের কথায়, “মানুষ ঘরে নিরাপদ বোধ করে। কিন্তু ঘরে ঢুকেই গুলি করে চলে গেল। আতঙ্কে রয়েছি।” বাড়িতে বুধবার সিসি ক্যামেরা বসিয়েছেন তিনি। তাঁর দাবি, বিকাশের দাদা এবং পিসি যে এ দিন তাঁদের বাড়িতে এসেছিলেন, ফুটেজে তার প্রমাণ রয়েছে।

চঞ্চলকে খুনের ঘটনায় অজিতেশ হালদার-সহ যে আট জন গ্রেফতার হয়েছে, বিকাশ তাদের মধ্যে অন্যতম। পুলিশ জানায়, জেরায় অজিতেশ দাবি করেছে, নিহতের ভাইপো বিকাশের জমি ঘিরে গন্ডগোলের সূত্রপাত।

স্থানীয় সূত্রে খবর, পাথরঘাটার পরিবেশ এখনও থমথমে। ভরসঙ্ক্যায় এমন ঘটনা এখনও অনেকে মানতে পারছেন না। স্থানীয় পক্ষায়েত প্রধান উত্তম বিশ্বাস বলেন, “এত বড় ঘটনায় মানুষ উদ্ভিন্ন তো হবেনই। তবে পুলিশ-প্রশাসনের উপরে সম্পূর্ণ আস্থা আছে।” পুলিশ জানিয়েছে, আতঙ্কিত হওয়ার কারণ নেই। এলাকায় পুলিশি টহলদারি রয়েছে। নিহতের বাড়িতে এ দিন সকালে ঠিক কী ঘটেছে, তা খতিয়ে দেখা হচ্ছে।